দৈনিক খবর

তারিখ 11 OCT 1991
পৃষ্ঠা 8 কলাম 6

# জাতীয় উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা পালন করুন

সাভার (ঢাকা), ১০ই অক্টোবর।- শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান জাতীয় উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা পালনের জন্য বাংলাদেশ আণবিক শক্তি কমিশনের কর্মকর্তা ও কর্মচারীদের প্রতি আহবান জানিয়েছেন।

শিক্ষা প্রতিমন্ত্রী সাভারে আণবিক শক্তি কমিশনের কর্মচারী ইউনিয়নের নব-নির্বাচিত কর্মকর্তাদের অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। কর্মচারী ইউনিয়নের সভাপতি কাজী ইসমাইল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব লেঃ কর্নেল (অবঃ) হেসাম উদ্দিন আহমদ ও কমিশনের চেয়ারম্যান ডঃ এম এ মান্নান বক্তৃতা করেন। তথ্য বিবরণী।

প্রতিমন্ত্রী বলেন, সারা বিশ্বে আণবিক শক্তিকে কাজে লাগিয়ে বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে বিরাট অগ্রগতি হলেও আমাদের দেশে এক্ষেত্রে সামান্যই অগ্রগতি হয়েছে। তিনি আশা প্রকাশ করেন যে, আণবিক শক্তিকে কাজে লাগানোর জন্য আমাদের দেশেও ব্যাপক উদ্যোগ গ্রহণ করা হবে।

অধ্যক্ষ ইউনুস খান বলেন, বিজ্ঞানীরা দেশের মেধাবী সন্তান বলে দেশ ও জাতি তাদের কাছ থেকে অনেক কিছু আশা করে। তিনি বলেন, জনগণের এ আশা পূরণের লক্ষ্যে বর্তমান গণতান্ত্রিক সরকার বৈজ্ঞানিক গবেষণা ও চর্চাকে উৎসাহিত করবে যেন তা জনকল্যাণমুখী অবদান রাখতে সক্ষম হয়।

10